

কালের কর্ত্তা

আপডেট : ১৪ অক্টোবর, ২০১৯ ০৯:২৯

থমথমে বুয়েটে ভর্তি পরীক্ষা শুরু, কড়া নিরাপত্তা



ফাইল ফটো

আবরার ফাহাত হত্যার পর নানা নাটকীয় ঘটনার পর সব অনিশ্চয়তা কাটিয়ে শুরু হয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা। এজন্য কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে কর্তৃপক্ষের পক্ষ থেকে।

আজ সোমবার সকাল ৯টায় এই পরীক্ষা শুরু হয়। আবরার ফাহাদকে হত্যা করার ঘটনায় এক সপ্তাহ ধরে উত্তাল ছিল বুয়েট। তবে শিক্ষার্থীরা ভর্তি পরীক্ষার জন্য আন্দোলন শীঘ্ৰে করলে আজ থমথমে পরিবেশে বুয়েটের ভর্তি পরীক্ষা শুরু হয়েছে। কড়া নিরাপত্তার ব্যবস্থা করেছে কর্তৃপক্ষ।

এবার এক হাজার ৬০টি আসনের বিপরীতে পরীক্ষা দিচ্ছেন ১২ হাজার ১৬১ জন। অর্থাৎ আসনপ্রতি লড়ছেন ১১ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী।

ভর্তি পরীক্ষায় ইঞ্জিনিয়ারিংয়ের জন্য সকাল ৯টা থেকে ১২টা পর্যন্ত তিন ঘণ্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ অংশে আবেদন করেছে ১০ হাজার ৭৬৩ জন। ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের সন্তাব্য তারিখ আগামী ৫ নভেম্বর।

অন্যদিকে আর্কিটেকচার অংশে পাঁচ ঘণ্টার পরীক্ষা নেওয়া হবে। সকাল ৯টা থেকে ১২টা ও দুপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এ অংশের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

ভারপ্রাপ্ত সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৮০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com